

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
২৮-জে সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০
E-mail: smdp.dme@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালের জন্য নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল/গ্রেড	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাপত্র যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/ইলেকট্রিক্যাল) (গ্রেড-১০) ১৬,০০০-৩৮,৬৪০/-	০২	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) কারিগরি শিক্ষা বোর্ড হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা। খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/সরকারী প্রকল্পে বর্ণিত পদে কমপক্ষে ০২ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০২	হিসাবরক্ষক (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৪০/-	০১	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। খ) সরকারী/বেসরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/সরকারী প্রকল্পে হিসাবরক্ষক পদে কমপক্ষে ০২ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/-	০৩	অনূর্ধ্ব ৩০ বৎসর	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/এইচ এস সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বমুখ্য গতি প্রতি মিনিটে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।

শর্তাবলী

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd থেকে আবেদন ফরমটি ডাউনলোড করা যাবে, প্রণীত ফরম A4 সাইজ কাগজে পূরণপূর্বক স্বাক্ষরসহ প্রকল্প পরিচালক, নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ২৮-জে সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ বরাবরে আবেদন করতে হবে।
- আবেদনপত্র আগামী ০২/১০/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালে প্রকল্প পরিচালক, নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ২৮-জে সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পৌছাতে হবে।
- আবেদনপত্রের সাথে 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- অভিজ্ঞতার সনদের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনের সাথে সনদপত্রসমূহের কপি সংযোজন করে দিতে হবে না। সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদপত্রসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- আবেদন ফরমে সদ্য তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- নির্ধারিত ফরম বাতীত অথবা ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- সরকারী অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dme.gov.bd) -এ দেয়া হবে। আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সংশ্লিষ্ট ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ 4.5x9.5 সাইজের ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ব্যাপারে কোন প্রকারের সুপারিশ বা তথ্য প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক বয়সসীমা শিথিলযোগ্য।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা-এর সনদপত্রের সত্যায়িত কপি (সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী সনদপত্রের সত্যায়িত কপি) সংযুক্ত করতে হবে।
- প্রকল্পের মেয়াদ পর্যন্ত নিয়োগকৃত জনবল বলবৎ থাকবে। প্রকল্প শেষ হওয়ার সাথে সাথে চাকুরি সমাপ্তি হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসেবে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষ যে কোন সময়ে যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নিয়োগ বিধি/বিজ্ঞপ্তি অনুসরণ করা হবে।

প্রকল্প পরিচালক

নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

ডিজি-১২১৯/১৯ (৮'x৪)